| কোর্সের নাম | কোর্সের মেয়াদ (দিন) | কোর্সের প্রকৃতি | ভর্তি ফি |
|---|---|---|---|
| ২২) ফলের চাষ (লেবু, কলা, পেঁপে ইত্যাদি) বিষয়ক প্রশিক্ষণ | ৭ | অনাবাসিক | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে কোন ভর্তি ফি নেওয়া হয় না। |
| ২৩) কম্পোষ্ট সার তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২৪) গাছের কলম তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২৫) ঔষধি গাছের চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| **ঘ) বস্ত্র বিষয়ক প্রশিক্ষণ কোর্সঃ** | | | |
| ২৬) ব্লক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২৭) বাটিক প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২৮) পোষাক তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২৯) স্ক্রীণ প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩০) স্প্রে প্রিন্টিং বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩১) মনিপুরী তাঁত শিল্প বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩২) কাগজের ব্যাগ ও ঠোঙ্গা তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩৩) বাঁশ, বেতের সামগ্রী তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| **ঙ) ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক প্রশিক্ষণ কোর্সঃ** | | | |
| ৩৪) নকশী কাঁথা বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩৫) কারু মোম বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩৬) পাটজাত পণ্য বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩৭) চামড়াজাত পণ্য তৈরী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩৮) চাইনিজ ও কনফেকশনারী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| **চ) অন্যান্য বিষয়ক প্রশিক্ষণ কোর্সঃ** | | | |
| ৩৯) রিক্সা, সাইকেল, ভ্যান মেরামত বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৪০) ওয়েল্ডিং বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৪১) ফটোগ্রাফী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৪২) সোলার প্যানেল স্থাপন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ৭ | | |

# অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক)

দেশের ৪৯৫টি উপজেলায় এবং ১০টি মেট্রোপলিটন থানা ইউনিটে স্থানীয় চাহিদার ভিত্তিতে ৭-২১ দিন মেয়াদে অস্থায়ী ভেন্যুতে প্রশিক্ষণ প্রদান করা হয়।

**অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ (৪২টি ট্রেড):**

| কোর্সের নাম | কোর্সের মেয়াদ (দিন) | কোর্সের প্রকৃতি | ভর্তি ফি |
|---|---|---|---|
| **ক) প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্স:** | | অনাবাসিক | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে কোন ভর্তি ফি নেওয়া হয় না। |
| ১) পারিবারিক হাঁস-মুরগী পালন বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২) ব্রয়লার ও ককরেল পালন বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৩) বাড়ন্ত মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৪) ছাগল পালন বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৫) গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৬) পারিবারিক গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৭) পশু-পাখীর খাদ্য প্রস্তুত ও বাজারজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৮) পশু-পাখীর রোগ ও ইহার প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ৯) কবুতর পালন বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১০) কাঁচা চামড়া সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| **খ) মৎস্য সম্পদ বিষয়ক প্রশিক্ষণ কোর্সঃ** | | | |
| ১১) মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১২) সমন্বিত মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১৩) মৌসুমী মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১৪) মৎস্য পোনা চাষ (ধানী পোনা) বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১৫) মৎস্য হ্যাচারী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১৬) প্লাবন ভূমিতে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১৭) গলদা ও বাগদা চিংড়ি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ১৮) শুটকী তৈরী ও সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| **গ) কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স:** | | | |
| ১৯) বসত বাড়ীতে সব্জি চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২০) নার্সারী বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |
| ২১) ফুল চাষ বিষয়ক প্রশিক্ষণ | ৭ | | |

## প্রশিক্ষণ সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণী:

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম মূলত দু'ভাগে বিভক্ত:-
ক) কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের প্রশিক্ষণ এবং
খ) কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ।

## ক) কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারীদের প্রশিক্ষণ:

প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই করা হয়।
কর্ম প্রত্যাশী যুবক/যুবনারীদের প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই এর ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো বিবেচনা করা হয়:

- এলাকাভিত্তিক স্ব-কর্মসংস্থানের সুযোগ।
- ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার ক্ষেত্রে উদ্যোগী।
- পেশাভিত্তিক কর্মসংস্থানের সুযোগ।

## প্রশিক্ষণার্থী/মনোনয়ন:

১। ১৮ হতে ৩৫ বছর বয়সী কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারী।
২। যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধিত যুব সংগঠনের সদস্যবৃন্দ।
৩। অগ্রাধিকার যুব নারী।
৪। শারীরিক প্রতিবন্ধী/অটিস্টিক যুবক ও যুবনারী।
৫। যুবকর্মে সম্পৃক্ত কর্মকর্তা ও কর্মচারী।
৬। অন্যান্য (সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক (MoU) এর মাধ্যমে)

## ভর্তি/মনোনয়ন পদ্ধতি:

১। কোর্স শুরুর পূর্বে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের জন্য স্থানীয়ভাবে জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়। এছাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার, জেলা/উপজেলা/ইউনিয়ন ওয়েবপোর্টাল এবং জেলা সমন্বয় সভা ও উপজেলা সমন্বয় সভার সদস্যবর্গ এবং তৎসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে প্রচারের উদ্যোগ নেয়া হয়। আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক জেলা কার্যালয়ে প্রেরণ করেন। জেলার দায়িত্বপ্রাপ্ত উপপরিচালক জেলা বাছাই কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট জেলার

নির্ধারিত প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক তালিকা চূড়ান্ত করে প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করেন। এছাড়াও অনলাইনে NISE (National Intelligence for skills, Education, Employment & Entrepreneurship) প্ল্যাটফর্মে ভর্তির আবেদন গ্রহণ ও অনুমোদন করা হয়।

২। নিবন্ধিত যুব সংগঠনের সদস্যদের বিভিন্ন কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের পরামর্শক্রমে স্ব-স্ব জেলার প্রাতিষ্ঠানিক (অনাবাসিক/আবাসিক) এবং উপজেলা পর্যায়ের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণে ভর্তির ব্যবস্থা করা হয়।

৩। যুব উন্নয়ন অধিদপ্তর ব্যতিত যে কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক সমঝোতা স্মারক (MoU) এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

## প্রশিক্ষণ পদ্ধতি:

প্রশিক্ষণ কোর্সগুলো আয়োজনে অংশগ্রহণমূলক পদ্ধতির উপর জোর দেয়া হয়ে থাকে এবং এজন্য প্রশিক্ষণের প্রশ্নোত্তর, মুক্তচিন্তার ঝড়, ঘটনা বিশ্লেষণ, ভূমিকা অভিনয়, ৮০% ব্যবহারিক ক্লাশ ও অনুশীলন পদ্ধতি অনুসরণ করা হয়ে থাকে। প্রশিক্ষণকে ফলপ্রসূ ও আকর্ষণীয় করার জন্য আধুনিক প্রশিক্ষণ উপকরণ হিসেবে ফ্লিপচার্ট, তথ্যচিত্র, মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহারের উপরও জোর দেয়া হয়।

## ফলপ্রসূতা ও প্রশিক্ষণের মান যাচাই:

প্রশ্নমালার সাহায্যে প্রতিটি কোর্স শুরুর পূর্বে প্রশিক্ষণ পূর্ব ধারণা যাচাই করা হয়। প্রতিদিন সেশন শুরুর পূর্বে পূর্বদিনের আলোচনা স্মরণ করা হয়। প্রতিটি সেশনের সহায়ক/রিসোর্স পার্সনের পাঠদান প্রক্রিয়া, বিষয়বস্তুর উপর জ্ঞান, পদ্ধতি ও উপকরণ ব্যবহার, শ্রেণিকক্ষের পরিবেশ নিয়ন্ত্রণ প্রভৃতির উপর প্রশিক্ষণার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমের মাধ্যমে মতামত গ্রহণ করা হয়। প্রশিক্ষণ কোর্স শেষে প্রশিক্ষণ পরবর্তী ধারণা যাচাইসহ প্রশিক্ষণলব্ধ জ্ঞান মাঠ পর্যায়ে কাজে লাগাতে পারছে কিনা তা অধিদপ্তরের কর্মকর্তা দ্বারা নিয়মিত মনিটরিং করা হয়।

## খ) কর্মকর্তা ও কর্মচারী প্রশিক্ষণ:

প্রশিক্ষণের জন্য কর্মকর্তা মনোনয়নঃ

- নব নিয়োগপ্রাপ্ত শিক্ষানবিশ কর্মকর্তা ও কর্মচারী।
- উল্লেখিত প্রশিক্ষণ গ্রহণ করেননি এমন কর্মকর্তা।
- কমপক্ষে ৫ বছর চাকুরি আছে এমন কর্মকর্তা ও কর্মচারী।

## প্রশিক্ষণের ধরণসমূহ:

## যুব প্রশিক্ষণ কোর্সসমূহ:

যুবসমাজকে দেশের উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্তকরণের জন্য তাদেরকে উদ্বুদ্ধকরণ, জ্ঞান ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর হতে কর্মপ্রত্যাশী যুবদের জন্য আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানমূলক তিন ধরণের প্রশিক্ষণ পরিচালনা করা হয়। ধরণসমূহ:

